

প্রেস বিজ্ঞপ্তি

হংকং, ১০ জানুয়ারি ২০২৪

বিষয়: বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং কর্তৃক যথাযোগ্য মর্যাদার সাথে “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর স্বদেশ প্রত্যাবর্তন দিবস” উদযাপন

আজ ১০ জানুয়ারি ২০২৪ তারিখে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং কর্তৃক কনস্যুলেট প্রাঙ্গনে যথাযোগ্য মর্যাদা ও ভাব-গান্ধীর্যের সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন করা হয়। হংকংস্থ বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দ, বাংলাদেশ আওয়ামী লীগ, হংকং শাখার নেতৃবৃন্দ, বাংলাদেশ এসোসিয়েশন অব হংকং এর নির্বাহী কমিটির সদস্যবৃন্দ ও কনস্যুলেটের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং পবিত্র গীতা পাঠের মধ্য দিয়ে মূল অনুষ্ঠান শুরু করা হয়। এরপর দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণীসমূহ পাঠ করা হয়। পরবর্তীতে স্বদেশ প্রত্যাবর্তন দিবস-এঁর উপর নির্মিত একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। এরপর অনুষ্ঠানে আগত অতিথিবৃন্দ দিবসটির তাৎপর্য ও গুরুত্ব সম্পর্কে আলোকপাত করেন।

এ দিবস উপলক্ষে মান্যবর কনসাল জেনারেল তাঁর বক্তব্যের শুরুতে বাংলাদেশের মহান স্বাধীনতা যুদ্ধে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর অসামান্য অবদান স্মরণ করে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। ঐতিহাসিক এই দিনের প্রেক্ষাপট তুলে ধরে তিনি বলেন, ১৯৭১ এর ১৬ ডিসেম্বর নয় মাস রক্তক্ষয়ী যুদ্ধের পর চূড়ান্ত বিজয় অর্জিত হলেও ১০ জানুয়ারি বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে বাঙালী জাতি বিজয়ের পূর্ণ স্বাদ গ্রহণ করে, আনন্দে উদ্বেল লাখ লাখ জনতা বঙ্গবন্ধুকে স্বতঃস্ফূর্ত সংবর্ধনা জানায় তৎকালীন রেসকোর্স ময়দানে। তিনি আরও বলেন, বঙ্গবন্ধুর নির্দেশিত পথ ধরে তার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী ও বলিষ্ঠ নেতৃত্বে বাংলাদেশ আজ বিশ্বের বুকে উন্নয়নের রোল মডেল হিসেবে স্বীকৃত। পরিশেষে তিনি বাংলাদেশের সাম্প্রতিক অর্জনসমূহ উপস্থাপন করে বঙ্গবন্ধুর স্বপ্নের অসাম্প্রদায়িক, ক্ষুধা ও দারিদ্রমুক্ত, বৈষম্যহীন এবং শোষণমুক্ত ‘সোনার বাংলা’ গড়ে তোলার লক্ষ্যে সকলকে একযোগে প্রতিজ্ঞাবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ভাইস কনসাল জনাব মোঃ মারজুক ইসলাম। আগত অতিথিদেরকে আপ্যায়ন এবং ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

